শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

২য় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮০.১৫-৫৬১

তারিখঃ ১৮ কার্তিক ১৪২৬ / ০৩ নভেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ মামলার ০২.০৮.১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আপিল দায়েরসহ রায় স্থগিতের বিষয়ে TMED কে অবহিতকরণ।

সূত্র: (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.৩৪৩-১৩২৩ তারিখ: ২০.০৩.২০১৯ খ্রি.।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮০.১৫- ২৫০ তারিখ: ০৯.০৫.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রাণীনগর উপজেলাধীন শের-ই-বাংলা (ডিগ্রী) মহাবিদ্যালয়টি শিক্ষা মন্ত্রণালয়ের ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে এমপিও তালিকায় নির্বাচিত হয়।

০২। অত:পর ৩১/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারক দ্বারা এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয় । এর প্রেকিষতে উক্ত প্রতিষ্ঠানের সাচিবিক বিদ্যা ও ব্যবসায় ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক জনাব মোঃ আনসার আলী গং ০৭ (সাতজন) কর্তৃক সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ দায়ের করা হয়।

০৩। বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক রিট মামলায় গত ০২.০৮.১৮ খ্রি. তারিখের রায়ের আলোকে উক্ত প্রতিষ্ঠানের ব্যবসায় ব্যবস্থাপনা শাখার জনবলকে এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য DG, DTE বরাবর আবেদন করা হয়।

০৪। রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ মামলায় গত ০২.০৮.১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নোক্ত রায়/আদেশ প্রদান করা হয়:
The respondents are hereby, directed to enlist the name of the petitioners institution namely: Sher-E-Bangla (Degree) College, Raninagar, Naogaon in the list of MPO pursuant to the "সরকারি শিক্ষা প্রতিষ্ঠান কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল অবকাঠামো সম্পর্কিত নির্দেশিকা" Published on 04.02.2010 within the peiod of 30 days from the date of receipt of this judgment and order. No Cost.

০৫। এছাড়া রায়ের ৪নং পাতায় নিম্নরুপ উল্লেখ করা হয়:
No one has appeared on behalf of the respondents to oppose the Rule by filing affidavit in opposition through the matter apeared in the daily cause list on several occasions.

০৬। বর্ণিত রিট মামলায় সরকার পক্ষ তথা DTE কর্তৃক কোনরুপ জবাব (affidavit-in-opposition) প্রদান না করায় সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়েছে। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুন্ন হওয়ার প্রবল আশংকা বিদ্যমান। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন।

০৭। উপরিউক্ত অবস্থার আলোকে-
ক. রিট পিটিশন নং-১৬২৫/২০১৫ এর ০২.০৮.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে ২০.০৫.২০১৯ তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি টিএমইডিকে অবহিতির জন্য সূত্রে বর্ণিত (২) নং স্মারকরে মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু জবাবীপত্র আজোবধি পাওয়া যায়নি
খ. বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে জবাব (affidavit in opposition) দাখিল না করার কারণ জানানোর জন্যও সূত্রে বর্ণিত (২) নং স্মারকরে মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু জবাবীপত্র আজোবধি পাওয়া যায়নি

০৮। এমতাবস্থায়, উপরিউক্ত মতে তথ্যাদি ২০.০৫.১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলেও দীর্ঘ প্রায় ১৬০ দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত তথ্যাদি না পাওয়ায় পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছে না বিধায় আগামী ২০.১১.২০১৯ তারিখের মধ্যে চাহিত মতে তথ্য টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে ২য় বারের মতো বিনীত অনুরোধ করা হলো। বিষয় জরুরি।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।